

💵 হাদীস সম্ভার

হাদিস নাম্বারঃ ৩৫৪৩

২৭/ আদব

পরিচ্ছেদঃ সবর (ধৈর্যের) বিবরণ

আরবী

عَنْ عَائِشَةَ قَالَتْ قَالَ رَسُوْلُ الله عَلَى الْبِ عَبْدِ يَالِيلَ بْنِ عَبْدِ كُلاَلٍ فَلَمْ يُجِبْنِي إِلَى مَا أَرَدْتُ يَوْمَ الْعَقَبَةِ إِذْ عَرَضْتُ نَفْسِي عَلَى ابْنِ عَبْدِ يَالِيلَ بْنِ عَبْدِ كُلاَلٍ فَلَمْ يُجِبْنِي إِلَى مَا أَرَدْتُ فَانْطَلَقْتُ وَأَنَا مَهْمُومٌ عَلَى وَجْهِي فَلَمْ أَسْتَفِقْ إِلاَّ بِقَرْنِ الثَّعَالِبِ فَرَفَعْتُ رَأْسِي فَإِذَا أَنَا بِسَحَابَةٍ قَدْ أَطْلَتْنِي فَنَظَرْتُ فَإِذَا فِيهَا جِبْرِيلُ فَنَادَانِي فَقَالَ إِنَّ اللهَ عَزَّ وَجَلَّ قَدْ سَمِعَ قَوْلُ قَوْمِكَ لَكَ وَمَا رَدُّوا عَلَيْكَ وَقَدْ بَعَتَ إِلَيْكَ مَلَكَ الْجِبَالِ لِتَأْمُرَهُ بِمَا شِئْتَ فِيهِمْ قَالَ وَقَدْ بَعَتَى وَقَدْ بَعَتَنِي رَبُّكَ إِلَيْكَ مَلَكَ الْجَبَالِ لِتَأْمُرَهُ بِمَا شِئْتَ أَنْ أُطْبِقَ عَلَيْهِمْ مَلْكَ الْجَبَالِ وَقَدْ بَعَتَنِي رَبُّكَ إِلَيْكَ لِتَأْمُرَنِي بِأَمْرِكَ فَمَا شِئْتَ إِنْ شِئْتَ أَنْ أُطْبِقَ عَلَيْهِمُ مَلْكُ الْجَبَالِ وَقَدْ بَعَتَنِي رَبُّكَ إِلَيْكَ لِتَأْمُرَنِي بِأَمْرِكَ فَمَا شِئْتَ إِنْ شِئْتَ أَنْ أُطْبِقَ عَلَيْهِمُ مَلْكُ الْجَبَالِ وَقَدْ بَعَتَنِي رَبُّكَ إِلَيْكَ لِتَأْمُرَنِي بِأَمْرِكَ فَمَا شِئْتَ إِنْ شِئْتَ أَنْ أُطْبِقَ عَلَيْهِمُ مَلْكُ الْجَبَالِ وَقَدْ بَعَتَنِي رَبُّكَ إِلَيْكَ لِتَأْمُرَنِي بِأَمْرِكَ فَمَا شِئْتَ إِنْ شُرِعَ لَيْكُ لِللهُ مِنْ أَصْدُلَهُمُ مَنْ أَصْدُوبَ أَنْ يُخْرِجَ اللهُ مِنْ أَصْدُلِهِمْ مَنْ يَعْبُدُ اللهَ وَحُدَهُ لاَ يُشْرِكُ بِهِ شَيْئًا

বাংলা

(৩৫৪৩) আয়েশা (রাঃ) কর্তৃক বর্ণিত, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেন, তোমার সম্প্রদায়ের পক্ষথেকে যেসব সংকটের সম্মুখীন আমি হয়েছি, তাতো হয়েছিই। তবে আক্বরার দিন আমি সব চেয়ে কঠিন সংকটের সম্মুখীন হই। সে দিন আমি আব্দ ইয়ালীল ইবনে আব্দ কুলালের পুত্রের কাছে নিজেকে পেশ করলাম, কিন্তু সে আমার ডাকে সাড়া দেয়নি। তখন আমি অত্যন্ত বিষন্ন অবস্থায় সম্মুখের দিকে চলতে লাগলাম এবং 'কারনুস্ সাআলিব' নামক স্থানে পোঁছেই আমি আমার সম্বিৎ ফিরে পেলাম। সেখানে আমি মাথা তুললে দেখি য়ে, একখণ্ড মেঘ আমাকে ছায়া করে রয়েছে। আমি আবারও সেদিকে তাকালে তাতে জিবরীল (আঃ)কে দেখতে পেলাম। তিনি আমাকে ডাক দিয়ে বললেন, আপনার জাতির আপনার সাথে য়ে কথাবার্তা এবং তাদের য়ে প্রত্যুত্তর হয়েছে, তা অবশ্যই মহান আল্লাহ শুনেছেন।

এখন তিনি পাহাড়ের (দায়িত্বে নিয়োজিত) ফেরেশতাকে আপনার কাছে পাঠিয়ে দিয়েছেন। আপনি একে তাদের ব্যাপারে যে নির্দেশ চান দিতে পারেন। অতঃপর সেই পাহাড়ের ফেরেশতাও আমাকে ডাকলেন এবং সালাম ক'রে বললেন, হে মুহাম্মাদ! আপনার ইচ্ছার ব্যাপার। আপনি চাইলে 'আখশাবাইন' নামক দুই পাহাড়কে আমি ওদের



উপর চাপিয়ে দিতে পারি। তখন নবী করীম সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বললেন, (না) বরং আমি আশা করছি যে, মহান আল্লাহ এদের বংশ থেকে এমন সম্প্রদায় সৃষ্টি করবেন, যারা কেবল আল্লাহরই ইবাদত করবে এবং তাঁর সাথে কোন কিছুকে শরীক করবে না।

ফুটনোট

(বুখারী ৩২৩১, মুসলিম ১৭৯৫)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ওয়াহীদিয়া ইসলামিয়া লাইব্রেরী 🛘 বর্ণনাকারীঃ আয়িশা বিনত আবৃ বাকর সিদ্দীক (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন